

যুগান্তর

তারিখ .. 30 JAN 2007 ...

পৃষ্ঠা ৪০ কলাম ৬

৩০
৩০

শাবিতে ভর্তি প্রার্থী আসনের ১৪ গুণ

সিলেট ব্যুরো

স্বদেশস্নান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চলতি শিক্ষাবর্ষে প্রথম সেমিস্টারের ভর্তি পরীক্ষায় প্রতি আসনে ১৪ জন প্রার্থী প্রতিবেশিতা করবে। গত বৃহস্পতিবার ফরম বিতরণ ও হাজার শেষ দিনে মোট ১৬ হাজার ২৮৭টি ফরম জমা পড়ে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা যায়।

এ বছর ৪টি ইউনিটের ১১৬০টি আসনের বিপরীতে 'ক' ইউনিটে ২৪২৯টি, 'খ' ইউনিটে ৫৯৮০টি, 'গ' ইউনিটে ২৬৬৮টি ও 'ঘ' ইউনিটে ৫২৫০টি ফরম বিক্রি হয়েছে। প্রতি বছরের মতো এবারও 'খ' ইউনিটে সবচেয়ে বেশি ফরম বিক্রি হয়েছে। এবার ইউনিট প্রতি আসন সংখ্যা যথাক্রমে 'ক' ইউনিটে ১৪০, 'খ' ইউনিটে ৪৯০, 'গ' ইউনিটে ১১০ এবং 'ঘ' ইউনিটে ৩২০। তবে গত বছর ২১ হাজার ৪৭০টি ফরম বিক্রি হলেও এবার তার তুলনায় প্রায় ২ হাজার ফরম কম বিক্রি হয়েছে। রাজনৈতিক অস্থিতিশীলতা এবং বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে একই তারিখে পরীক্ষা অনুষ্ঠিত হওয়া এর কারণ বলে ভর্তি কমিটির ধারণা। এনিয়ে ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসন বিভিন্ন প্রকৃতি গ্রহণ করেছে। আগামী ১০ মেসডায়নি 'খ' ও 'গ' এবং ১১ মেসডায়নি 'ক' ও 'ঘ' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে।